

এমএসএস খবর

মার্চ, ২০২২ সংখ্যা



এমআরএ-এর এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান জনাব মোঃ ফসিউল্লাহ কর্তৃক এমএসএস-এর প্রধান কার্যালয় পরিদর্শন



মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ)-এর সম্মানিত এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান (ইভিসি) জনাব মোঃ ফসিউল্লাহ গত ২১ মার্চ, ২০২২ তারিখে মানবিক সাহায্য সংস্থা (এমএসএস)-এর প্রধান কার্যালয় পরিদর্শন করেন। সংস্থার নির্বাহী পরিচালক জনাব

মুনাওয়ার রেজা খান সহ প্রতিষ্ঠানের সিনিয়র কর্মকর্তাদের সঙ্গে তিনি সাক্ষাৎ করেন। এ সময় নির্বাহী পরিচালক তাঁকে ফুল দিয়ে অভিনন্দন জানিয়ে শুভেচ্ছা আরাক প্রদান করেন।

মুনাওয়ার রেজা খান পাওয়ার পয়েন্ট প্রজেক্টেশনের মাধ্যমে ইভিসি-এর নিকট এমএসএস-এর সার্বিক কার্যক্রম তুলে ধরেন। এ সময় এমআরএ-এর ইভিসি এমএসএস-এর ক্ষুদ্রবাণ কর্মকান্ডের পাশাপাশি বিভিন্ন সামাজিক ও মানবিক উদ্যোগসমূহের ভূয়সী প্রশংসন করেন। এছাড়া ভবিষ্যতে এমএসএস-এর যে কোনো প্রয়োজনে তিনি সার্বিক সহায়তার আশ্বাস দিয়ে সংস্থার উভরোপন সাফল্য কামনা করেন।

মানবিক সাহায্য সংস্থার প্রধান কার্যালয় পরিদর্শনকালে জনাব মোঃ ফসিউল্লাহ সঙ্গে আরো উপস্থিত ছিলেন ক্রেডিট অ্যাক্ট ডেভেলপমেন্ট ফোরাম (সিডিএফ)-এর নির্বাহী পরিচালক জনাব মোঃ আব্দুল আউয়াল।

নতুন ০৭ ব্যাচকে প্রশিক্ষণ প্রদান করেছে এমএসএস ট্রেনিং ইউনিট




মার্চ, ২০২২ মাসে নতুন ০৭টি ব্যাচে ১২৪ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করেছে এমএসএস ট্রেনিং ইউনিট। “ইন্ডাকশন ট্রেনিং অব নিউ এমপ্লায়িমেন্স”, “মাইক্রো এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট কোর্স”, “অরিয়েটেশন কোর্স অন এমএসএস” এবং “সার্টিফিকেট কোর্স অন মাইক্রো ফাইন্যান্স”- বিষয়ে ব্যাচগুলোতে

প্রশিক্ষণ প্রদান করা হয়। এমএসএস-এর প্রধান কার্যালয় ও সিবিআরসি-তে এই প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হয়েছে।

সংশ্লিষ্ট কোর্সগুলোতে ব্রাঞ্চ ম্যানেজার (BM), এরিয়া ম্যানেজার (AM), নতুন ব্রাঞ্চ অ্যাকাউন্ট্যান্ট, লোন অ্যাক্ট সেভিস অফিসার (LSO), ট্রেইনিং কমিউনিটি ডেভেলপমেন্ট অফিসার (TCDO) ও কমিউনিটি ডেভেলপমেন্ট অফিসারগণ (CDO) অংশগ্রহণ করেন। ২১ মার্চ-২৩ মার্চ, ২০২২ তারিখে সিবিআরসি-তে “মাইক্রো এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট কোর্স”-এর প্রশিক্ষণ চলাকালীন উপস্থিত ছিলেন এমএসএস-এর প্রেসিডেন্ট জনাব ফিরোজ এম হাসান। এ সময় সংস্থার প্রেসিডেন্ট প্রশিক্ষণার্থীদের বিভিন্ন বিষয়ে পরামর্শ ও দিক-নির্দেশনা প্রদান করেন।

ঠাকুরগাঁওয়ের প্রাক-প্রাথমিক স্কুল পরিদর্শন করেছেন এমএসএস প্রেসিডেন্ট



ঠাকুরগাঁও জেলায় ৩ থেকে ৫ বছর বয়সী সুবিধাবিহীন শিশুদের জন্য বেশ কয়েকটি প্রাক-প্রাথমিক স্কুল পরিচালনা করছে মানবিক সাহায্য সংস্থা (এমএসএস)। প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষা এবং শুরুর সময় শিশুকে সঠিক শিক্ষা পাওয়ার জন্য প্রস্তুত করার লক্ষ্যে এ শিক্ষণ

কার্যক্রম চালু করা হয়েছে। গত ২১ মার্চ, ২০২২ তারিখে এসব স্কুল পরিদর্শনে যান এমএসএস-এর প্রেসিডেন্ট জনাব ফিরোজ এম হাসান। এ সময় তিনি স্কুলের শিক্ষকদের সঙ্গে সাক্ষাৎ করেন।

ঠাকুরগাঁও জেলায় ১০টি স্কুলের মাধ্যমে অন্তত ২০০ সুবিধাবিহীন শিশুকে প্রাক-প্রাথমিক শিক্ষা প্রদান করা হয়। শিশুদের প্রাক-প্রাথমিক শিক্ষা প্রদানের জন্য এসব স্কুলে বিশেষভাবে প্রশিক্ষিত শিক্ষক নিয়োগ দেওয়া হয়েছে। শিশু বাস্তব পরিবেশে খেলাধূলা ও অন্যান্য শিক্ষণ কার্যক্রমের মাধ্যমে শিশুদের প্রাথমিক শিক্ষার জন্য উপযোগী করে গড়ে তোলাই প্রাক-প্রাথমিক স্কুল চালুকরণের উদ্দেশ্য।

সবজি চাষ করে স্বচ্ছতার মুখ দেখেছেন

গাজীপুরের সুরাইয়া



মানবিক সাহায্য সংস্থা (এমএসএস)-এর ০১নং জোনের অন্তর্ভুক্ত ১১নং এরিয়ার ১২৯নং শাখার সদস্য মোঃ সুরাইয়া। অভাবের সংসারে লেখাপড়া চালিয়ে যেতে না পারায় মাত্র ১৮ বছর বয়সে গাজীপুরের পুবাইলের ছোট কয়ের গ্রামের বাসিন্দা মোঃ নাসির মিয়ার সাথে বিয়ে হয়ে তাঁর। নাসির পেশায় কৃষক। নতুন সংসার গুরিয়ে উঠতে না উঠতেই পরপর তিনি সন্তানের জন্ম দেন সুরাইয়া। ফলে সংসারের খরচ বেড়ে যায় কয়েকগুণ। স্বামীর সামান্য উর্পাজনে সন্তানদের ভরণপোষণ চালানো তাঁদের জন্য কঠিন হয়ে পড়ে।

সুরাইয়া সিন্দুর নেন ঝণ নিয়ে তিনিও উপার্জনের ক্ষেত্রে কোনো উপায় বের করবেন। পরিকল্পনা অব্যায়ী ২০২০ সালে তিনি মানবিক সাহায্য সংস্থার মহিলা ঝণদান কর্মসূচির সঙ্গে যুক্ত হয়ে ঝণ নিয়ে তাঁর জমিতে শাক-সবজি চাষ শুরু করেন। এসএমপি প্রকল্প থেকে তিনি এ পর্যন্ত দুই বার ঝণ নিয়েছেন। শাক-সবজির চাবের পাশাপাশি তিনি গরুর খামারও তৈরি করেছেন। তাঁর খামারে ৭-৮ জন লোকের কর্মসংঘানের ব্যবস্থা হয়েছে। বর্তমানে প্রতি মাসে সুরাইয়ার আয় ৩০-৪০ হাজার টাকা। ঝণ পরিশোধের পাশাপাশি তিনি সঞ্চয়ও করছেন। এছাড়া আগের টিনের বাড়ির জায়গায় তিনি এখন আধাপাকা বাড়ি তুলেছেন।

শাক-সবজির চাবের পাশাপাশি গরুর খামারের পরিসর বৃদ্ধি করার চিন্তা-ভাবনা করছেন সুরাইয়া। এর ফলে অনেক লোকের কর্মসংঘানের ব্যবস্থা করে অসহায় মানুষের পাশে দাঁড়াবেন বলে আশা প্রকাশ করেন। তাঁর এ ভালো অবস্থানে আসার পেছনে গুরুত্বপূর্ণ অবদান রাখায় তিনি এমএসএস- এর প্রতি গভীর কৃতজ্ঞতা প্রকাশ করেন।

এটি মানবিক সাহায্য সংস্থার মিডিয়া অ্যাক্ট প্রকল্প অ্যাফেয়ার্স ইউনিটের একটি প্রকাশনা

সেল সেন্টার (৪র্থ তলা), ২৯ পাটিম পাটপথ, ঢাকা -১২০৫